
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
রাণীনগর, নওগাঁ।

স্মারক নং: ৩৩.০২.৬৪৮৫.৫০১.৩৬.০০১.২৪.১৭৯ তারিখ: ১০/১২/২০২৪ খ্রি.

**বিষয় : সেবা সহজীকরণে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাণীনগর, নওগাঁ এর উদ্ভাবনী ধারণা।**


সূত্র: উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী পত্র নং ৩৩.০২.০০০০.৩০৩.৭৭.০০৮.২৩.৭৮৫, তারিখ: ০৯/১২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সেবা সহজীকরণে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাণীনগর, নওগাঁ এর উদ্ভাবনী ধারণা এতদসংগে প্রেরণ করা হলো।



১০/১২/২০২৪
পলাশ চন্দ্র দেব নাথ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
রাণীনগর, নওগাঁ।

জেলা মৎস্য অফিসার
নওগাঁ।



সেবা সহজীকরণে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, রাণীনগর, নওগাঁ এর  উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম:


# মাঠ পর্যায়ে সেবা সহজীকরণে প্রশিক্ষিত “মৎস্য স্বেচ্ছাসেবক টিম” গঠন।

## আইডিয়ার সংক্ষিপ্ত বর্ণনা:

মৎস্য দপ্তরের মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য সেবা সমূহ কম সময়ে, স্বল্প খরচে ও কম হয়রানীতে নিশ্চিত করার জন্য “মৎস্য স্বেচ্ছাসেবক টিম” গঠন করা হয়েছে। টিমের সদস্যগণ উপজেলার সকল ইউনিয়ন ও সংশ্লিষ্ট সকল এলাকা হতে নির্বাচন করা হয়েছে। উক্ত টিমকে বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট সেবা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করে দক্ষতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হয়েছে। উক্ত টিমের মাধ্যমে মৎস্য দপ্তরের সেবাসমূহ সহজীকরণ সম্ভব।

## উদ্ভাবনী আইডিয়া গ্রহনের যৌক্তিকতা

উপজেলা মৎস্য দপ্তরে জনবল খুবই কম। তাছাড়া মাঠ পর্যায়ে কোনো জনবল নাই। ফলে মৎস্য দপ্তরের বিবিধ সেবা পেতে সেবাগ্রহীতাদের বেশি সময়, অধিক অর্থ ব্যয় এবং অধিক ভিজিট করতে হয়। এমতাবস্থায় প্রতিটি ইউনিয়ন ও সংশ্লিষ্ট এলাকা হতে মৎস্য দপ্তরের প্রাক্তন স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (লিফ), উদ্যোগী মৎস্য চাষী, মৎস্য জীবি এবং উদ্যোক্তাদের সমন্বয়ে “মৎস্য স্বেচ্ছাসেবক টিম” গঠন করা হলে গঠিত টিমের মাধ্যমে কম সময় ও স্বল্প অর্থ ব্যয়ে সহজেই মাঠ পর্যায়ে সেবা কার্যক্রম বাস্তবায়ন করা সম্ভব। উক্ত টিমকে মৎস্য বিষয়ক বিবিধ প্রশিক্ষণ প্রদান করে সদস্যদের কর্মদক্ষতা বৃদ্ধির মাধ্যমে মৎস্য দপ্তরের বিবিধ সেবা প্রদান সহজীকরণ সম্ভব।



**“মৎস্য স্বেচ্ছাসেবক টিম” এর সদস্যদের উৎসাহিত করতে ও দক্ষতা বৃদ্ধিতে কৌশলগত উদ্যোগসমূহ:**

**১। উপযুক্ত সদস্য নির্বাচন:** স্বেচ্ছাসেবক মানসিকতার সদস্য নির্বাচন করা। বিশেষ করে মৎস্য দপ্তরের সাথে যাঁরা নিয়মিত যোগাযোগ রাখেন এমন মৎস্য চাষী - মৎস্যজীবি - উদ্যোক্তা, পুরাতন লিফ ইত্যাদি।

**১। প্রশিক্ষণ প্রদান:** সদস্যদের বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহনের সুযোগ করে দিয়ে তাঁদের দক্ষতা বৃদ্ধি করা। বিবিধ সভায় আমন্ত্রণ করে আলোচনার মাধ্যমে তাঁদের দক্ষতা বৃদ্ধি করা।

**২। মৎস্য দপ্তরের সুযোগ-সুবিধা প্রদান:** মৎস্য দপ্তরের বিবিধ সুযোগ সুবিধা প্রদান করা। যেমন- মৎস্য খামার নিবন্ধন ও  মৎস্যজীবি নিবন্ধনে গণনাকারী হিসাবে নিয়োগ, প্রদর্শনী প্রদান, সত্যায়িতসহ বিবিধ অফিসিয়াল কাজে তাঁদের তদবীরকে পজিটিভলি দেখা, মৎস্য আইন বাস্তবায়ন ও বিবিধ কাজ তাঁদের সহযোগীতায় বাস্তবায়ন করে শ্রমিক মজুরি বা সম্মানী প্রদান ইত্যাদি।

**৩। ভিন্ন দপ্তরের সুযোগ-সুবিধা পেতে সহযোগীতা:** অন্যান্য দপ্তর হতে কোনো সুযোগ সুবিধা পেতে সদস্যদের সহযোগীতা করা। যেমন- বিবিধ জরীপ কাজে নিয়োজিতকরন, এনজিও এর বিবিধ কর্মসূচিতে তাঁদের সংযুক্তকরণ , অন্য দপ্তর হতে কোনো সেবা পেতে সদস্যদের সহযোগীতা/ তাঁদের জন্য তদবীর করা ইত্যাদি।

**৪। সম্মানজনক অবস্থান তৈরি করা:** সরকারী সেবাপ্রদানকারী হিসাবে নিজ এলাকায় তাঁদের সম্মানজনক অবস্থান তৈরি করা। যেমন- মৎস্য সপ্তাহে দাওয়াত কার্ড প্রদানের জন্য তাঁদের মাধ্যমে উপযুক্ত মৎস্যচাষী নির্বাচন, প্রশিক্ষণার্থী নির্বাচন, মৎস্যচাষী-মৎস্যজীবিদের প্রত্যয়ন প্রদানের ক্ষেত্রে সদস্যদের নিকট হতে তথ্য সংগ্রহ ইত্যাদি।


**৫। দাওয়াত করা:** বিবিধ অনুষ্ঠান বা কর্মসূচিতে তাঁদের দাওয়াত করে সম্মানিত করা। যেমন - জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন, মা ইলিশ সংরক্ষণ অভিযান, জাটকা অভিযান ইত্যাদিতে তাঁদের পত্র প্রদান করা।

**৬। বিবিধ উপহার প্রদান:** বিবিধ উপহার প্রদান করে উৎসাহিত করা। যেমন মৎস্য সপ্তাহ বা বিবিধ প্রোগ্রামে গেঞ্জি, বুকলেট, লিফলেট, বই ইত্যাদি প্রদান।

**৭। সহকর্মী হিসেবে বিবেচনা করা:** দপ্তরে উপস্থিত হলে তাঁদের একজন সহকর্মী হিসাবে বিবেচনা করে সম্মান করা, গুরুত্ব দেওয়া, সময় দেওয়া এবং অবশ্যই অন্তত এক কাপ চা আপ্যায়নের ব্যবস্থা করা।

**৮। যোগাযোগ রাখা:** প্রয়োজনে (জরীপ কাজে, তথ্য সংগ্রহে) বা অপ্রয়োজনে (তাঁর বা এলাকার খোজ খবর নিতে) তাঁদের সাথে ফোনে মাঝে মধ্যে যোগাযোগ করা।

**( উল্লেখ্য “শ্রমিক মজুরি (অনিয়মিত)” ও “আইন  সংক্রান্ত ব্যয়” খাতে  অতিরিক্ত বরাদ্দ পাওয়া গেলে এই উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন আরো জোরদার ও বেগবান করা যাবে। “মৎস্য স্বেচ্ছাসেবক টিম” এর সদস্যদের কাজের বিনিময়ে পারিশ্রমিক প্রদান করার মাধ্যমে তাঁদের আরো সক্রিয় রাখা সম্ভব হবে।**




**মৎস্য দপ্তরের মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য সেবা সমূহ ও "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর ভূমিকা-**


| ক্রমিক | সেবাসমূহ | "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর ভূমিকা |
|---|---|---|
| ১ | মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের পরামর্শ প্রদান | "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর প্রশিক্ষিত সদস্য মৎস্য দপ্তরের সাথে ফোনে যোগাযোগ করে সহজেই তাঁর এলাকার মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের পরামর্শ প্রদান করতে পারবেন। |
| ২ | মৎস্যচাষী ও উদ্যোগক্তাদের প্রশিক্ষন প্রদান | প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত মৎস্যচাষী ও উদ্যোক্তা নির্বাচনের ক্ষেত্রে "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর প্রশিক্ষিত সদস্যগণ ফোন মারফত সহজেই তাঁর এলাকার প্রশিক্ষণপ্রার্থী মৎস্যচাষী ও উদ্যোগক্তাদের তথ্য জানাতে পারবেন। |
| ৩ | মৎস্য খাদ্য ও মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | মৎস্য খাদ্য ও মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়নের ক্ষেত্রে "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর প্রশিক্ষিত সদস্যগণ আবেদনের প্রক্রিয়া, সংশ্লিষ্ট নিবন্ধন আইন-বিধি, মৎস্য দপ্তরের সাথে যোগাযোগ ইত্যাদি বিষয়ে তাঁর নিজ এলাকার সেবাগ্রহীতাদের সহযোগীতা করতে পারবেন। |
| ৪ | মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন | মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়নে সংশ্লিষ্ট এলাকার "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর সদস্যের মাধ্যমে সেবাগ্রহীতা মৎস্য দপ্তরে অভিযোগ করতে পারবেন। মৎস্য দপ্তর কর্তৃক মৎস্য আইন বাস্তবায়নে টিমের সদস্যদের নিকট হতে তথ্য সংগ্রহ, শ্রমিক সংগ্রহসহ বিবিধ সহযোগীতা নেয়া যেতে পারে। আইন প্রয়োগকালে সম্ভব হলে সদস্যকেও সাথে রাখা যেতে পারে বিবিধ সহযোগীতার জন্য। |
| ৫ | মৎস্যচাষী ও মৎস্যজীবি প্রত্যয়ন প্রদান | মৎস্যচাষী ও মৎস্যজীবিগণ তাঁদের প্রত্যয়ন গ্রহনের জন্য নিজ নিজ এলাকার সদস্যদের মাধ্যমে সহজেই মৎস্য দপ্তরে যোগাযোগ করতে পারবেন। মৎস্য দপ্তরও এ বিষয়ে সহজেই তথ্য যাচাইয়ের জন্য ফোন মারফত সংশ্লিষ্ট এলাকার "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর সদস্যদের সাথে যোগযোগ করতে পারবে। |
| ৬ | বিবিধ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন | বিবিধ প্রকল্প বা সরকারী বিবিধ উদ্যোগ যেমন প্রদর্শনী স্থাপন, বিল নার্সারি স্থাপন, মৎস্য অভয়াশ্রম স্থাপন, জরীপ, তদন্ত ইত্যাদি মাঠ পর্যায়ে বাস্তবায়নে "মৎস্য স্বেচ্ছাসেবক টিম" এর সদস্যদের সহযোগীতা গ্রহণ করা যেতে পারে। |


# মৎস্য স্বেচ্ছাসেবক টিম:
## উপজেলা মৎস্য দপ্তর, রাণীনগর, নওগাঁ।

| ক্রমিক | শ্রেনী | নাম | মোবাইল নম্বর | ইউনিয়ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | খট্টেশ্বর ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো: গোলাম গোসেন | ০১৭১৮৩৭০৮৯৩ | খট্টেশ্বর | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০২ | পারইল ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো: আশরাফুল ইসলাম | ০১৭১৪৮৬৪৬৯৭ | পারইল | লিফ, ইউনিয়ন প্রকল্প |
| ০৩ | কালিগ্রাম ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো: জিয়ারুল সরদার | ০১৭৯৫৩৩৮১৫০ | কালিগ্রাম | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০৪ | মিরাট ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো:  আবুল কালাম আজাদ | ০১৭৫৩৫২০৫২০ | মিরাট | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০৫ | কাশিমপুর ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো:  আতোয়ার হোসেন | ০১৭৪৫৮৬৮৫৮২ | কাশিমপুর | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০৬ | গোনা ইউনিয়ন মৎস্য সম্প্রসারণকর্মী | শ্রী গৌউর চন্দ্র শীল | ০১৭৩৩১০১০৯৩ | গোনা | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০৭ | বড়গাছা ইউনিয়ন মৎস্য সম্প্রসারণ কর্মী | মো: রাঞ্জা আলী | ০১৭৩৯৪০৯৩৭০ | বড়গাছা | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ০৮ | একডালা ইউনিয়ন মৎস্য সম্প্রসারণকর্মী | মো: আবুবক্কর ছিদ্দিক | ০১৭২৬২৬৩৯৭৭ | একডালা | প্রাক্তন লিফ, ইউনিয়ন: প্রকল্প |
| ০৯ | মৎস্য আইন বাস্তবায়ন কর্মী | মো: মাসুদ | ০১৭৮২৬৮৪৬৮৮ | গোনা | প্রাক্তন লিফ, ইউনিয়ন: প্রকল্প |
| ১০ | মৎস্য হ্যাচারী সম্প্রসারণ কর্মী | মো: আব্দুল হালিম | ০১৭৭০০৭২০০৮ | কালিগ্রাম | মৎস্য খাদ্য ব্যবসায়ী |
| ১১ | মৎস্য রেস্ট হাউজ সম্প্রসারণ কর্মী | মো: মাজেদুর | ০১৩১৮০৫৮১২১ | পারইল | প্রাক্তন লিফ, এনএটিপি প্রকল্প |
| ১২ | মৎস্য ব্যবসা সম্প্রসারণ কর্মী | মো: মোমেন | ০১৭২৫৩৪৫৯৬৪ | পারইল | মাছ রপ্তানীকারক |
| ১৩ | মৎস্যজীবি উন্নয়ন কর্মী | শ্রী প্রফুল্ল হালদার | ০১৭২৮৮১৬১৮২ | গোনা | মৎস্যজীবি |
| ১৪ | বিল চৌর ব্যবস্থাপনা কর্মী | মো: মাহফুজুল হক (খোকন) | ০১৭২৩৫৪১৬৯৩ | মিরাট | মৎস্যজীবি |
| ১৫ | বিল মুনছুর ব্যবস্থাপনা কর্মী | মো: ছবের মোল্লা | ০১৭৭৫৪৩৬৬৫১ | মিরাট | মৎস্যজীবি |
| ১৬ | বিল তেগারা ব্যবস্থাপনা কর্মী | মো: আবু বক্কর | ০১৭৯০১০১৫১৯ | মিরাট | মৎস্যজীবি |
| ১৭ | মৎস্যচাষী উন্নয়ন কর্মী | মো: ফারুখ হোসেন | ০১৭১৮৮২৬০১৩ | খট্টেশ্বর | প্রাক্তন লিফ, ইউনিয়ন: প্রকল্প |
| ১৮ | মাছবাজার সম্প্রসারণ কর্মী | মো: আনোয়ার হোসেন | ০১৭১৮৫৭৬৪৫৭ | খট্টেশ্বর | আড়ৎদার |
| ১৯ | মৎস্য খাদ্য সম্প্রসারণ কর্মী | কাজী মোঃ সাখাওয়াত হোসেন | ০১৭১৮২৮২৮৮৬ | খানপুকুর | মৎস্য খাদ্য বিক্রেতা |
| ২০ | বিবিধ সম্প্রসারণ কর্মী | মোছা: বিউটি খাতুন | ০১৭৫২৬৫০৭৪৬ | রাণীনগর | পরিচ্ছন্নতা কর্মী |




## প্রসেস ম্যাপ:


মৎস্য স্বেচ্ছাসেবক টিম (প্রশিক্ষিত)
১। মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের পরামর্শ প্রদান
২। মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের প্রশিক্ষন প্রদান
৩। মৎস্য খাদ্য ও মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন
৪। মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন
৫। মৎস্যচাষী ও মৎস্যজীবি প্রত্যয়ন প্রদান
৬। বিবিধ সম্প্রসারণ কার্যক্রম
উপজেলা মৎস্য দপ্তর রাণীনগর, নওগাঁ



# টিসিভি (Time, Cost, Visit)

| ক্রমিক | সেবার বিষয় | সময় (Time) | | ব্যয় (Cost) | | ভিজিট (Visit) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্বে | বর্তমানে | পূর্বে | বর্তমানে | পূর্বে | বর্তমানে | |
| ১ | মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের পরামর্শ প্রদান | ১-৫ ঘন্টা | ১-২ ঘন্টা | ৫০-২০০ টাকা | ০-২০ টাকা | ১-৩ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই পরামর্শ সেবা পাওয়া যায় |
| ২ | মৎস্যচাষী ও সেবাগ্রহীতাদের প্রশিক্ষন প্রদান | ১-৩ ঘন্টা | ০-১ ঘন্টা | ৫০-২০০ টাকা | ০-২০ টাকা | ১-২ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই প্রশিক্ষণ সেবা পাওয়া যায় |
| ৩ | মৎস্য খাদ্য ও মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন | ১-৫ ঘন্টা | ১-২ ঘন্টা | ৫০-৫০০ টাকা | ৫০-১০০ টাকা | ১-৩ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই নিবন্ধন ও নবায়ন সেবা পাওয়া যায় |
| ৪ | মৎস্য সংশ্লিষ্ট আইন বাস্তবায়ন | ১-৫ ঘন্টা | ১-৩ ঘন্টা | ৫০-২০০ টাকা | ০-২০ টাকা | ১-২ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই মৎস্য আইন বাস্তবায়ন সেবা পাওয়া যায় |
| ৫ | মৎস্যচাষী ও মৎস্যজীবি প্রত্যয়ন প্রদান | ১-৪ ঘন্টা | ১-২ ঘন্টা | ৫০-৪০০ টাকা | ০-২০ টাকা | ১-৩ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই প্রত্যয়ন সেবা পাওয়া যায় |
| ৬ | বিবিধ সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন | ১-৫ ঘন্টা | ১-২ ঘন্টা | ৫০-২০০ টাকা | ০-২০ টাকা | ১-৩ বার | ০-১ বার | স্থানীয় মৎস্য স্বেচ্ছাসেবক টিম এর সদস্যদের সাথে যোগাযোগ করে সহজেই বিবিধ সম্প্রসারণ সেবা পাওয়া যায় |



১০/১২/২০২৪
পলাশ চন্দ্র দেব নাথ
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
রাণীনগর, নওগাঁ।

